গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
E-mail: sbgc.gov.college@gmail.com
Website: www.sbgcp.edu.bd
অফিস: ০১৩০৯১২৫৬৬৪

বিজ্ঞপ্তি নম্বর-৭৪ /২০২৬ তারিখ: ১৩/০৭/২০২৬ খ্রি.

এ কলেজের শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক স্নাতক (পাস ও সম্মান) শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৬ অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী স্নাতক (পাস ও সম্মান) শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের আগামী ২৫/০৭/২০২৬ তারিখের মধ্যে সংযুক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত ইভেন্টের নাম ও অংশগ্রহণকারীর তথ্য প্রফেসর মোঃ জাহিদুল ইসলাম, অধ্যাপক, ইংরেজি স্যারের নিকট জমা দেয়ার জন্য বলা হলো ।

সংযুক্তি:

১। আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৬ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

প্রতিস্বাক্ষর
Buddin
১৩/০৭/২৬
প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন
আইডি. নং ৭৮৮২
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।
প্রফেসর মোঃ বাহেজ উদ্দিন (৭৮৮২)
অধ্যক্ষ
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা।

প্রফেসর মোঃ জাহিদুল ইসলাম
অধ্যাপক, ইংরেজি ও
আহ্বায়ক
সাহিত্য ও সংস্কৃতি কমিটি/২০২৬-২০২৭
শহীদ বুলবুল সরকারি কলেজ, পাবনা

# জাতীয় বিশ্ববিদ্যালয়
## শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর

স্মারক নং- ৩২(০২৮)জাতীঃবিঃ/শাঃশিঃ/সংস্কৃতি ও বিতর্ক/আন্তঃকলেজ/২০২৪/২১০৭

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৮ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

### আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৬ সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজের সম্মানিত অধ্যক্ষবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, অধিভুক্ত কলেজসমূহের স্নাতক (পাস ও সম্মান), প্রফেশনাল কোর্সসমূহ এবং স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দেশব্যাপী **"আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৬"** আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্তে অধিভুক্ত কলেজসমূহের ইভেন্ট ভিত্তিক প্রতিযোগীবৃন্দের সকল তথ্য বিজ্ঞপ্তি প্রকাশের পর আগামী ৩০/০৭/২০২৬ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (https://sports.nu.ac.bd) গিয়ে College Login (পাসওয়ার্ড collegeportal.nu.ac.bd নোটিফিকেশন লিংকে পাওয়া যাবে) করে College Entry লিংক-এ প্রবেশপূর্বক অনলাইন ফরম পূরণ করতে হবে (ওয়েব সাইটে তথ্য পূরণে যে কোন সমস্যায় মোঃ মনিরুল ইসলাম, সিনিয়র প্রোগ্রামার, মোবাইল ০১৯১১১৪১১২৭ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)।

জরুরী প্রয়োজনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তরের কর্মকর্তা জনাব স্বর্ণময়ী সাহা, উপ-পরিচালক (মোবাইল: ০১৭১১৫৮৬৭১২), জনাব মোঃ সুজাউদ্দৌলা, উপ-পরিচালক (মোবাইল: ০১৮১৮৭৩১৪৭৩) এবং জনাব মোহাম্মদ আসাদুজ্জামান, সহকারী পরিচালক (মোবাইল: ০১৭১১১৬৭৬১২) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

**প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রতিযোগীদের তথ্য পূরণের ছক:**

**National University Inter-College Cultural and Debate Competition Form:**

1. Event Name
2. Participant's Name
3. Registration Number/Admission Roll No.
4. Course Name
5. Session
6. Date of Birth
7. Gender
8. Contact Number
9. National ID Number
10. bkash (personal)
11. Student's Photograph (Size 300x300)

**বি: দ্রঃ ইভেন্ট ভিত্তিক আলাদা তালিকা ওয়েবসাইটে আপলোড করতে হবে।**

প্রতিযোগিতা অনুষ্ঠানের তারিখ ও ভেন্যু নিম্নে দেয়া হলোঃ

| | |
|---|---|
| **নিবন্ধনের সময়** | : ১২/০৭/২০২৬ থেকে ৩০/০৭/২০২৬ পর্যন্ত। |
| **জেলা পর্যায়ের প্রতিযোগিতার ফিক্সচার তৈরী** | : ০১/০৮/২০২৬ হতে ০৬/০৮/২০২৬ পর্যন্ত। |
| **জেলা পর্যায়ের প্রতিযোগিতা** | : ০৭/০৮/২০২৬ হতে ১২/০৯/২০২৬ পর্যন্ত। |
| **বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা** | : সময় ও তারিখ পরবর্তীতে জানানো হবে। |
| **চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতা** | : সময় ও তারিখ পরবর্তীতে জানানো হবে। |
| **পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান** | : পরবর্তীতে জানানো হবে। |

১. প্রতিযোগিতার ইভেন্টসমূহ নিম্নরূপ:

একক: ১. দেশাত্মবোধক গান ২. নজরুল সংগীত ৩. রবীন্দ্র সংগীত ৪. আধুনিক গান
৫. লোকগীতি ৬. আবৃত্তি ৭. অভিনয় ৮. নৃত্য
৯. উপস্থিত বক্তৃতা (বিষয়: ক. সবার আগে বাংলাদেশ খ. সুশাসনের বাংলাদেশ গ. গণতান্ত্রিক বাংলাদেশ ঘ. সংবাদপত্রের স্বাধীনতা ঙ. সভ্যতার অগ্রগতিতে কৃত্রিম বুদ্ধিমত্তা) চ. আনন্দের সাথে শিক্ষণ ছ. নৈতিক শিক্ষা জ. বৈশ্বিক উষ্ণায়ণ ও বৃক্ষরোপন

দলীয়: ১০. গণ সংগীত [অনূর্ধ্ব ০৫ জন] ১১. সৃজনশীল নৃত্য [অনূর্ধ্ব ০৫ জন]
১২. বিতর্ক [০৩ জন]

বিষয়: ক. রাজনৈতিক অনৈক্যই গণতন্ত্রের ভিতকে দূর্বল করে ফেলে।
খ. সমালোচনা সহ্য করতে না পারার কারণেই রাষ্ট্র ও সমাজের মধ্যে দূরত্বের সৃষ্টি হয়।
গ. ভয়মুক্ত নির্বাচনই প্রকৃত গণতন্ত্রের ভিত্তি।
ঘ. রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের নিরপেক্ষতা না থাকলে সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠা সম্ভব নয়।
ঙ. মত প্রকাশের স্বাধীনতা ছাড়া প্রকৃত স্বাধীনতা অর্থহীন।
চ. প্রতিযোগিতাহীন ক্ষমতা কাঠামো সমাজকে স্থবির করে ফেলে।
ছ. দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য উচ্চ শিক্ষার চেয়ে কারিগরী শিক্ষায় অধিক গুরুত্ব দেয়া প্রয়োজন।
জ. সামাজিক যোগাযোগ মাধ্যম পারিবারিক সম্পর্কের বন্ধনকে ক্রমশ শিথিল করে ফেলছে।

২. জেলা পর্যায়ে সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্তে অধিভুক্ত কলেজসমূহের ইভেন্ট ভিত্তিক প্রতিযোগীদের কলেজ পরিচয়পত্র ও প্রয়োজনীয় সকল তথ্য নিজ নিজ কলেজ অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশের ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অ্যাপস্ বা https://sports.nu.ac.bd ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

৩. জেলা ও বিভাগীয় পর্যায়ে প্রতিটি ভেন্যু কলেজ থেকে ইভেন্ট ভিত্তিক বিজয়ী প্রতিযোগীদের (১ম, ২য় ও ৩য় এবং চ্যাম্পিয়ন ও রানার্সআপ) নাম প্রতিযোগিতা সমাপ্ত হওয়ার ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে ভেন্যু কলেজের অধ্যক্ষের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট ওয়েবসাইটে আপলোড করতে হবে।

৪. জেলা ও বিভাগ ভিত্তিক ছাত্র-ছাত্রীদের সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা পরিচালনার সম্ভাব্য ব্যয় নির্বাহে উল্লিখিত ৬৪ টি ভেন্যু কলেজ এবং ৮ টি বিভাগের ৮ টি ভেন্যু কলেজের সম্ভাব্য ব্যয় নির্বাহে (ইভেন্টের আনুপাতিক হারে) সহযোগিতা দানের জন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আর্থিক থোক বরাদ্দ প্রদান করা হবে। **উল্লেখ্য, প্রতিযোগীর সংখ্যা ১৫০ জনের কম হলে অথবা কমপক্ষে ০৬ টি ইভেন্টে একাধিক প্রতিযোগী (একক বা দল) না থাকলে উক্ত ভেন্যুকে পার্শ্ববর্তী জেলা ভেন্যু কলেজের সাথে সংযুক্ত করে প্রতিযোগিতা আয়োজন করা হবে।**

৫. প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/প্রতিষ্ঠানসমূহের নিয়মিত ছাত্র-ছাত্রী হতে হবে। ১ম বর্ষে স্নাতক (পাস ও সম্মান), প্রফেশনাল কোর্সসমূহ এবং স্নাতকোত্তর কোর্সে ভর্তি হয়েও কোনো ছাত্র-ছাত্রী রেজিস্ট্রেশন না পেয়ে থাকলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার রোল নম্বর ও অধ্যক্ষের প্রত্যয়নপত্রের ভিত্তিতে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। তবে অনিয়মিত প্রাইভেট রেজিস্ট্রেশনধারী কোনো শিক্ষার্থী সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না।

৬. **একজন প্রতিযোগী সর্বোচ্চ ০৩ (তিন) টি ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে। তবে, রাজনৈতিক দলের সাথে সংশ্লিষ্ট এমন কোন সংগীত, অভিনয়, নৃত্য, আবৃত্তি, পংক্তিমালা প্রতিযোগিতায় প্রর্দশন/উপস্থাপন কিংবা অর্ন্তভুক্ত করা যাবে না।**

৭. সাংস্কৃতিক প্রতিযোগিতায় ইভেন্ট ভিত্তিক বিজয়ী প্রার্থী নির্বাচনের জন্য সর্বাধিক ৩ টি বিচারক প্যানেল (উদাহরণস্বরূপ, নির্ধারিত বিষয়ে উপস্থিত বক্তৃতার জন্য ১ টি, সকল প্রকার সংগীতের জন্য ১ টি ও নৃত্যের জন্য ১ টি বিচারক প্যানেল) গঠন করা যেতে পারে। প্রতিটি বিচারক প্যানেলে ০৩ জন সদস্য থাকবেন। কলেজ অধ্যক্ষ বা তার মনোনীত প্রতিনিধি প্রতিটি বিচারক প্যানেলের আহবায়কের দায়িত্ব পালন করবেন। বিভাগীয় পর্যায়ে শিল্পকলা একাডেমি থেকে ০১ জন বিশেষজ্ঞ এবং স্থানীয় পর্যায়ের ০১ জন বিশিষ্ট শিল্পী/সাংস্কৃতিক ব্যক্তিত্ব বিচারক প্যানেলের সদস্য হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন।

৮. বিতর্ক প্রতিযোগিতায় বিজয়ী দল নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ভেন্যু কলেজের অধ্যক্ষ তাঁর নিজ কলেজের একজনসহ ০৩ (তিন) সদস্য বিশিষ্ট বিচারক প্যানেল নির্ধারণ করবেন। এক্ষেত্রে অধ্যক্ষ মহোদয় বা তাঁর একজন প্রতিনিধি, স্থানীয় পর্যায়ের বিশিষ্ট শিক্ষাবিদ/লেখক/প্রাক্তন বিতার্কিক থেকে একজন এবং অন্য একজন বিচারক ভেন্যু কলেজ ব্যতীত অন্য কলেজের শিক্ষক থেকে মনোনয়ন দিতে হবে।

৯. বিভাগীয় ও চূড়ান্ত পর্যায়ে অংশগ্রহণকারী সকল প্রতিযোগী ও কলেজ প্রতিনিধিগণের যাতায়াত ও অন্যান্য বাবদ সম্মানী নির্ধারিত ওয়েবসাইটে রেজিস্ট্রেশনকৃত বিকাশ নম্বরের মাধ্যমে প্রেরণ করা হবে। **নগদ কোন টাকা প্রদান করা হবে না**। সে ক্ষেত্রে কোন শিক্ষক প্রতিনিধি পরিবর্তন হলে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ মহোদয়ের স্বাক্ষরিত পত্র শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তরের ই-মেইলে প্রেরণ করতে হবে।

১০. জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিটি ইভেন্টে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান এবং চ্যাম্পিয়ন ও রানার্সআপ অর্জনকারীদেরকে সনদ প্রদান করা হবে।

১১. বিভাগীয় পর্যায়ে প্রতিটি ইভেন্টে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান এবং চ্যাম্পিয়ন ও রানার্সআপ অর্জনকারী প্রতিযোগীদেরকে সনদ ও পুরস্কার প্রদান করা হবে। তবে প্রত্যেক বিভাগ থেকে প্রতিটি ইভেন্টে শুধুমাত্র প্রথম স্থান (এককে) ও চ্যাম্পিয়ন দল চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহন করতে পারবেন। চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতায় প্রতিটি ইভেন্টে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান এবং চ্যাম্পিয়ন ও রানার্সআপ অর্জনকারী প্রতিযোগীদেরকে অনুষ্ঠানের মাধ্যমে পুরস্কার ও সনদ বিতরণ করা হবে।

১২. জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের পরিচালক স্ব স্ব বিভাগে অনুষ্ঠেয় **'আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৬'** আয়োজনের কাজে সম্পৃক্ত থাকবেন।

১৩. জেলা, বিভাগ ও চূড়ান্ত পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতার ব্যানারের ছবি এবং অনুষ্ঠিত প্রতিটি ইভেন্টের ৫/৭ টি করে (3/4 R) ছবি অবশ্যই শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব অ্যাপস্ বা https://sports.nu.ac.bd ওয়েবসাইটে আপলোড করতে হবে।

১৪. **'আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৬'** পরিচালনার ক্ষেত্রে কোনো বিষয়ে সমস্যা দেখা দিলে সংশ্লিষ্ট ভেন্যু কলেজের অধ্যক্ষ অথবা তাঁর মনোনীত প্রতিনিধি জাতীয় বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তরের পরিচালকের সাথে যোগাযোগ ও পরামর্শক্রমে সিদ্ধান্ত গ্রহণ করবেন। এক্ষেত্রে, কোনো সমস্যা উদ্ভুত হলে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৫. **জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রতিযোগী ও শিক্ষক প্রতিনিধিদেরকে কোন ধরনের আর্থিক সুবিধা প্রদান করা হবে না।**

১৬. **জাতীয় মাদকবিরোধী কমিটির ৬ষ্ঠ সভার** সিদ্ধান্ত মোতাবেক সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠানের পূর্বে মাদকবিরোধী শপথ বাক্য অবশ্যই পাঠ করাতে হবে।

**জেলা পর্যায়ে ভেন্যু ও কলেজের নামের তালিকা:**

১৭. দেশের নিম্নবর্ণিত ৬৪ টি কলেজে জেলা পর্যায়ের **'আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৬'** অনুষ্ঠিত হবে।

| বিভাগের নাম | ক্রমিক | জেলার নাম | যেসব কলেজে জেলা পর্যায়ের ভেন্যু হিসেবে সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে |
|---|---|---|---|
| ঢাকা বিভাগ | ১. | ঢাকা | তেজগাঁও কলেজ |
| | ২. | গাজীপুর | ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ |
| | ৩. | নরসিংদী | নরসিংদী সরকারি কলেজ |
| | ৪. | মুন্সীগঞ্জ | সরকারি হরগঙ্গা কলেজ |
| | ৫. | মানিকগঞ্জ | সরকারি দেবেন্দ্র কলেজ |
| | ৬. | নারায়ণগঞ্জ | সরকারি তোলারাম কলেজ |
| | ৭. | ফরিদপুর | সরকারি রাজেন্দ্র কলেজ |
| | ৮. | গোপালগঞ্জ | গোপালগঞ্জ সরকারি মহিলা কলেজ |
| | ৯. | রাজবাড়ী | রাজবাড়ী সরকারি কলেজ |
| | ১০. | মাদারীপুর | কালকিনি সৈয়দ আবুল হোসেন কলেজ |

| বিভাগের নাম | ক্রমিক | জেলার নাম | যেসব কলেজে জেলা পর্যায়ের ভেন্যু হিসেবে সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে |
|---|---|---|---|
| | ১১. | শরীয়তপুর | শরীয়তপুর সরকারি কলেজ |
| | ১২. | কিশোরগঞ্জ | গুরুদয়াল সরকারি কলেজ |
| | ১৩. | টাঙ্গাইল | সরকারি সা'দত কলেজ |
| ময়মনসিংহ বিভাগ | ১৪. | ময়মনসিংহ | আনন্দ মোহন কলেজ |
| | ১৫. | নেত্রকোণা | নেত্রকোণা সরকারি কলেজ |
| | ১৬. | শেরপুর | শেরপুর সরকারি কলেজ |
| | ১৭. | জামালপুর | সরকারি আশেক মাহমুদ কলেজ |
| বরিশাল বিভাগ | ১৮. | বরিশাল | সরকারি বরিশাল কলেজ |
| | ১৯. | পিরোজপুর | সরকারি সোহরাওয়ার্দী কলেজ |
| | ২০. | বরগুনা | বরগুনা সরকারি কলেজ |
| | ২১. | ঝালকাঠি | ঝালকাঠি সরকারি কলেজ |
| | ২২. | পটুয়াখালী | পটুয়াখালী সরকারি কলেজ |
| | ২৩. | ভোলা | বাংলাবাজার ফাতেমা খানম কলেজ |
| রংপুর বিভাগ | ২৪. | পঞ্চগড় | মকবুলার রহমান সরকারি কলেজ |
| | ২৫. | ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও সরকারি কলেজ |
| | ২৬. | দিনাজপুর | দিনাজপুর সরকারি কলেজ |
| | ২৭. | কুড়িগ্রাম | কুড়িগ্রাম সরকারি কলেজ |
| | ২৮. | লালমনিরহাট | লালমনিরহাট সরকারি কলেজ |
| | ২৯. | নীলফামারী | নীলফামারী সরকারি কলেজ |
| | ৩০. | রংপুর | মাহিগঞ্জ কলেজ, মাহিগঞ্জ |
| | ৩১. | গাইবান্ধা | গাইবান্ধা সরকারি কলেজ |
| রাজশাহী বিভাগ | ৩২. | বগুড়া | সরকারি আজিজুল হক কলেজ |
| | ৩৩. | জয়পুরহাট | জয়পুরহাট সরকারি কলেজ |
| | ৩৪. | পাবনা | সরকারি এডওয়ার্ড কলেজ |
| | ৩৫. | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ সরকারি কলেজ |
| | ৩৬. | রাজশাহী | রাজশাহী সরকারি কলেজ |
| | ৩৭. | চাঁপাইনবাবগঞ্জ | নবাবগঞ্জ সরকারি কলেজ |
| | ৩৮. | নওগাঁ | নওগাঁ সরকারি কলেজ |
| | ৩৯. | নাটোর | নবাব সিরাজ উদ্ দৌলা (এনএস) সরকারি কলেজ |
| খুলনা বিভাগ | ৪০. | কুষ্টিয়া | কুষ্টিয়া সরকারি কলেজ |
| | ৪১. | মেহেরপুর | মেহেরপুর সরকারি কলেজ |
| | ৪২. | চুয়াডাঙ্গা | চুয়াডাঙ্গা সরকারি কলেজ |
| | ৪৩. | যশোর | সরকারি মাইকেল মধুসূদন কলেজ |
| | ৪৪. | নড়াইল | নড়াইল সরকারি ভিক্টোরিয়া কলেজ |
| | ৪৫. | ঝিনাইদহ | কেশব চন্দ্র (কেসি) সরকারি কলেজ |
| | ৪৬. | মাগুরা | সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ |
| | ৪৭. | সাতক্ষীরা | সাতক্ষীরা সরকারি কলেজ |
| | ৪৮. | খুলনা | সরকারি মহিলা কলেজ, খুলনা |
| | ৪৯. | বাগেরহাট | সরকারি প্রফুল্ল চন্দ্র (পিসি) কলেজ |
| চট্টগ্রাম বিভাগ | ৫০. | কক্সবাজার | কক্সবাজার সরকারি কলেজ |
| | ৫১. | বান্দরবান | বান্দরবান সরকারি কলেজ |
| | ৫২. | রাঙ্গামাটি | রাঙ্গামাটি সরকারি কলেজ |
| | ৫৩. | চট্টগ্রাম | চট্টগ্রাম সরকারি কলেজ |
| | ৫৪. | খাগড়াছড়ি | খাগড়াছড়ি সরকারি কলেজ |
| | ৫৫. | ফেনী | আলহাজ আবদুল হক চৌধুরী কলেজ |
| | ৫৬. | নোয়াখালী | নোয়াখালী সরকারি কলেজ |
| | ৫৭. | লক্ষ্মীপুর | লক্ষ্মীপুর সরকারি কলেজ |
| | ৫৮. | চাঁদপুর | চাঁদপুর সরকারি কলেজ |
| | ৫৯. | কুমিল্লা | কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ |
| | ৬০. | ব্রাহ্মণবাড়ীয়া | ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজ |
| সিলেট বিভাগ | ৬১. | হবিগঞ্জ | হবিগঞ্জ সরকারি মহিলা কলেজ |
| | ৬২. | মৌলভীবাজার | মৌলভীবাজার সরকারি মহিলা কলেজ |

| বিভাগের নাম | ক্রমিক | জেলার নাম | যেসব কলেজে জেলা পর্যায়ের ভেন্যু হিসেবে সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে |
|---|---|---|---|
| | ৬৩. | সিলেট | সরকারি মুরারি চাঁদ কলেজ |
| | ৬৪. | সুনামগঞ্জ | সুনামগঞ্জ সরকারি কলেজ |

১৮. নিম্নবর্ণিত ৮টি কলেজে ভেন্যু হিসেবে বিভাগীয় পর্যায়ের **'আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৬'** অনুষ্ঠিত হবে।

| বিভাগীয় পর্যায়ের সংস্কৃতি ও বিতর্ক প্রতিযোগিতার ভেন্যু | |
|---|---|
| ক. | **ঢাকা বিভাগ-** তেজগাঁও কলেজ, ঢাকা |
| খ. | **চট্টগ্রাম বিভাগ-** চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ, চট্টগ্রাম |
| গ. | **রাজশাহী বিভাগ-** রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী |
| ঘ. | **খুলনা বিভাগ-** সরকারি মহিলা কলেজ, খুলনা |
| ঙ. | **সিলেট বিভাগ-** সরকারি মুরারি চাঁদ কলেজ, সিলেট |
| চ. | **বরিশাল বিভাগ-** সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল |
| ছ. | **রংপুর বিভাগ-** কারমাইকেল কলেজ, রংপুর |
| জ. | **ময়মনসিংহ বিভাগ-** মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ |

১৯. জেলা ও বিভাগীয় পর্যায়ে আর্থিক অনুদান গ্রহণের নিমিত্তে ভেন্যু কলেজসমূহের ব্যাংক হিসাবের বিস্তারিত তথ্য ১৫/০৭/২০২৬ তারিখের মধ্যে নিম্নোক্ত ফরমেটে প্রেরণ করবেন।

| College Name | Bank Name (In English) | Online Full Bank Account Number (In English) | Account Name (College Account) | Branch Name (In English) | Branch Code (In English) | Routing Number (In English) |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

উল্লিখিত নীতিমালা ও নির্ধারিত সময়সূচী অনুযায়ী **'আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৬'** এর সুষ্ঠু ও সুচারুরূপে আয়োজনের জন্য আপনাদের সর্বাত্মক সহযোগিতা একান্ত কাম্য।

QR Code Scan করে রেজিস্ট্রেশন করুন।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে

**(মোহাম্মদ শফিউল করিম)**
পরিচালক
শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোন : ০২৯৯৬৬৯১৫৫৪
মোবাইল : ০১৩১৩৭৫৩৩০৬
ই-মেইল : phy.edu.nu@gmail.com

স্মারক নং- ৩২(০২৮)জাতীঃবিঃ/শাঃশিঃ/সংস্কৃতি ও বির্তক/আন্তঃকলেজ/২০২৪/

তারিখ: ২৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০৮ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সকল ডিন/বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. পরিচালক, আঞ্চলিক সমন্বয় কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট সকল আঞ্চলিক কেন্দ্রকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
৩. মাননীয় সংস্কৃতি মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. অতিরিক্ত রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. অতিঃ রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. উপ-রেজিস্ট্রার, রেজিস্ট্রার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. অফিস কপি।

অতিরিক্ত পরিচালক
শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।